

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৯০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. প্রথম অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

بَابُ تَسْوِيَةِ الصَّفِّ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَصْحَابِهِ تَأَخُّرًا فَقَالَ لَهُمْ: «تَقَدَّمُوا وَأْتَمُّوا بِي وَلْيَأْتَمَّ بِكُمْ مَنْ بَعْدَكُمْ لَا يَزَالُ قَوْمٌ يَتَأَخَّرُونَ حَتَّى يؤخرهم الله» . رَوَاهُ مُسلم

বাংলা

১০৯০-[৬] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের মাঝে প্রথম সারিতে এগিয়ে আসতে গড়িমসি লক্ষ্য করে তাদেরকে বললেন, সামনে এগিয়ে আসো। আমার অনুকরণ করো। তাহলে যারা তোমাদের পেছনে রয়েছে তারা তোমাদের অনুকরণ করবে। এরপর তিনি বললেন, একদল লোক সর্বদাই প্রথম কাতারে দাঁড়াতে দেরী করতে থাকে। পরিণামে আল্লাহ তা'আলাও তাদের পেছনে ফেলে রাখবেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীস থেকে বুঝা যায়, ইমাম থেকে যে সকল মুক্তাদীরা দূরে অবস্থান করবে তারা তাদের সামনের মুক্তাদীদের দেখে ইমামের অনুসরণ করবে উপরস্ত রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সামনের কাতারগুলো থেকে পিছপা হওয়ার কারণে আল্লাহ তাদের জান্নাতে প্রবেশে পিছপা করবেন কথা উল্লেখ করে মু'মিনদেরকে প্রথম কাতারে যথাসময়ে প্রথমে উপস্থিত থাকতে উৎসাহিত করেছেন এবং পিছপা হতে নিরুৎসাহিত করেছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন